The Role of CAFCASS
Safeguarding and promoting the welfare of children involved in family court proceedings

ক্যাফকাস (CAFCASS) এর ভূমিকা
পারিবারিক আদালতের মামলায় যুক্ত শিশুদের স্বরক্ষাপ্রদান এবং কল্যাণ বৃদ্ধি করণ

(Bengali)

ক্যাফকাস (CAFCASS) কি?

‘দি চিলড্রেন এ্যান্ড ফ্যামিলি কোর্ট এ্যাড্ভাইজরি এ্যান্ড সাপোর্ট সার্ভিস’ (শিশু এবং পারিবারিক আদালত উপদেষ্টা এবং সহায়তা পরিষেবা) - ‘ক্যাফকাস- সেইফগার্ডস্’ পারিবারিক আদালতের মামলায় জড়িত শিশুদের মঙ্গল স্বরক্ষিত এবং উন্নতিবিধান করণ । আমরা পেশাগত দক্ষতা, অভিজ্ঞতা এবং আমাদের প্র্যাকটিশনারদের উৎসাহের মাধ্যমে কাজ চালিয়ে যাই। আমাদের প্র্যাকটিশনারদের অধিকাংশই আমাদের দ্বারা নিযুক্ত, যদিও কিছু স্বনিযুক্তি-চুক্তিতে আমাদের জন্য কাজ করে। আমরা কেবল পারিবারিক আদালতগুলোতেই কাজ করি। এগুলো ফৌজদারী (ক্রিমিনাল) আদালত নয়।

[১] যে সব সংস্থা ও এজেন্সীগুলো ছেলেমেয়েদের নিয়ে কাজ করে তাদের ওপর ছেলেমেদের কল্যাণ স্বরক্ষিত রাখা ও উন্নতিবিধান করা বিশেষত: স্বাস্থ্যবান হওয়া, নিরাপদ থাকা, আনন্দ উপভোগ করা ও অর্জন করা, একটি সদর্থক অবদান রাখা ও অর্থনৈতিক স্বাঙ্গন্দ অর্জন করার ক্ষেত্রে ব্যবস্থা নেওয়াকে দি চিলড্রেন এ্যাক্ট 2004 একটি আইনগতভাবে বিধিবদ্ধ কর্তব্য হিসেবে স্থাপন করে।

cafcass

Putting children first in family courts

ক্যাফকাস কি করে?

আমাদের কাজ হলো পাবিবারিক আদালতের মামলায় (ফ্যামিলি কোর্ট প্রসিডিংস) জড়িত শিশুদের স্বরক্ষাপ্রদান ও কল্যাণ বৃদ্ধি করা৷ আমাদের প্রাকটিশনাররা৷ শিশুদের ও তাদের পরিবারদের নিয়ে কাজ করে, শিশুদের বক্তব্য যাতে শোনা হয় এবং তাদের চাহিদা যাতে মেটানো হয় তা স্বনিশ্চিত করে। প্রধান ধরণের যে সব কেসের ক্ষেত্রে আদালত আমাদের সাহায্য করতে বলে সেগুলো হল যখন:

- পিতামাতা আলাদা হয়ে যায় অথবা বিবাহ বিচ্ছেদ হয়ে যায় এবং তাদের শিশুদের জন্য ব্যবস্থার বিষয়ে কোন চুক্তিতে পৌঁছায়নি
- সোস্যাল সার্ভিসেস[২] জড়িত হয়ে গেছে এবং তাদের নিরাপত্তার জন্য শিশুদের তাদের পিতামাতার কেয়ার থেকে সরিয়ে নেওয়া হতে পারে।
- শিশুদের দত্তক গ্রহণ বা অ্যাডাপ্ট করা হতে পারে

আমরা কোর্ট, সোস্যাল সার্ভিস, শিক্ষা ও স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং সমস্ত সমতুল্য এজেন্সীগুলো থেকে নিরপেক্ষ।

‘ক্যাফকাস’ প্র্যাকটিশনারদের বিভিন্ন ভূমিকা কি কি?

আমাদের প্র্যাকটিশনারদের ভূমিকা নির্ভর করে কেসের প্রকৃতির ওপর এবং কোর্ট সঠিকভাবে তাদেরকে কি করতে বলে তার ওপর। চারটি প্রধান ভূমিকা আছে :

- যে সব পিতামাতার বিবাহ বিচ্ছেদ (ডিভোর্স হয়ে যাচ্ছে অথবা আলাদা হয়ে যাচ্ছে তারা যখন তাদের শিশুদের জন্য কোন ব্যবস্থা করার বিষয়ে কোন চুক্তিতে পৌঁছাতে সক্ষম হয় না, তখন চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার জড়িত হন। কখনও কখনও কোর্টকে আর না জড়িয়ে চুক্তিতে পৌঁছানো যেতে পারে কিন্তু তা না হলে চিলড্রেন এন্ড ফ্যামিলি রিপোর্টার বিষয়গুলো সমাধান করার চেষ্টা করে অতিরিক্ত কাজ চালিয়ে যেতে পারে অথবা তদন্ত করতে পারে ও কোর্টের বা আদালতের জন্য একটি রিপোর্ট লিখতে পারে।
- যে সব কেসের সঙ্গে সোস্যাল সার্ভিসেস যুক্ত হয়েছে সেইসব কেসের সময় এবং প্রতিদ্বন্দ্বিতা হয় এমন অ্যাডাপশানের ক্ষেত্রে চিলড্রেন’স গার্ডিয়ানরা একজন শিশুর মঙ্গলের উপস্থাপন করেন।

---

[২] এই লিফলেটে (প্রচারপত্রে) ‘সোস্যাল সার্ভিসেস’ শব্দটি সমাজ কল্যাণের কাজকর্ম সম্পর্কে এবং বিশেষত: শিশুদের সামাজিক কেয়ার (যত্ন নেওয়ার ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষের লোকাল অথরিটির) কাজকর্মকে নির্দেশ করে।

- রিপোর্টিং অফিসারেরা পিতামাতাদের জন্য এবং তাদের সন্তানের জন্য এ্যাডাপশানের (দত্তক) অর্থ যাতে পিতামাতারা বোঝে তা সুনিশ্চিত করেন এবং তাদের এতে সম্মতি আছে কিনা তা নিরূপন করেন।
- যে সব পিতামাতাদের বিবাহ বিচ্ছেদ হয়ে গেছে অথবা আলাদা (সেপারেশন) হয়ে যাচ্ছে তারা যখন কোন চুক্তিতে পৌঁছাতে পারেনি তখন সেক্ষেত্রে অনেক সময় কোর্টের দ্বারা 'গার্ডিয়ানস্ এড লাইটেম (Guardian ad Litem) নিযুক্ত হন। কেবলমাত্র কেসটিতে যদি কোন বিশেষ জটিলতা থাকে তবেই এমনটি ঘটে। শিশুটিকে মামলার একটি পার্টি (পক্ষ) করা হয় এবং গার্ডিয়ান এ্যাড লাইটেম এর ভূমিকা হল তাদের অধিকার ও মঙ্গল পৃথক প্রতিনিধিত্ব প্রদান করা।

এই ভূমিকাগুলোর মধ্যে সাধারণ কি আছে ?

এই ভূমিকাগুলোর মধ্যে এগুলোর কিছু অথবা সবগুলোই অন্তর্ভুক্ত:-

- শিশুদের সর্বাধিক মঙ্গলের জন্য একটি বিশেষ নজর রাখা
- আত্মবিশ্বাস নিয়ে ঐসব মঙ্গলের জন্য মোকাবিলা করা
- প্রাসঙ্গিক তদন্ত করা
- কোর্টের জন্য একটি রিপোর্ট লেখা

প্রত্যেক প্র্যাকটিশনারের কাজের একটি গুরুত্বপূর্ণ অংশ হল শিশুরা কিভাবে ও তারা কেমন অনুভব করে তা বের করতে তাদের সঙ্গে কথা বলে ও তাদের কথা শুনে সময় ব্যয় করা।

শিশুদের জন্য সবচেয়ে ভাল কি তা 'ক্যাফকাস' কিভাবে জানতে পারে?

আমাদের প্র্যাকটিশনাররা শিশুদের ও পরিবারদের নিয়ে কাজ করায় প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ।

লোকজন 'ক্যাফকাসকে' যা বলে তা কি গোপন রাখা হয়?

'ক্যাফকাস' প্র্যাকটিশনারকে আপনার দেওয়া যে কোন তথ্য তাদের কোর্টের রিপোর্টে অন্তর্ভুক্ত হতে পারে এবং তথ্যটি অন্যান্য উদ্দেশ্যেও দেওয়া হতে পারে। উদাহরণ-স্বরূপ, যদি শিশুর নিরাপত্তা স্বরক্ষার ক্ষেত্রে কোন উদ্বেগ থাকে তবে কখনও কখনও অন্যান্য এজেন্সীকেও তথ্য দেওয়ার দরকার হয়। অধিকন্তু শিশুদের ও পরিবারদের সুবিধার জন্য গবেষনা করার ও আমাদের অনুমোদন আছে এবং সময়ে সময়ে আপনার তথ্য বেনামে এইরূপ গবেষনায় ব্যবহৃত হতে পারে।

শিশু যা চায় কোর্ট কি তাই করবে?

প্র্যাকটিশনারের রিপোর্ট সবসময় কোর্টকে শিশুর ইচ্ছা ও অনুভূতি সম্পর্কে বলবে। কোর্ট যে সব বিষয় ধর্তব্যের মধ্যে আনবে তার মধ্যে এটি একটি, কিন্তু এর অর্থ এই নয় যে শিশু যা চায় কোর্ট সবসময় তাই করবে।

'ক্যাফকাস' প্র্যাকটিশনার যা উপদেশ দেয় কোর্ট কি সবসময় তাই করে?

কোর্টই সিদ্ধান্ত নেয় কি হবে, কিন্তু আমাদের প্র্যাকটিশনার যা বলেন কোর্ট তা যত্নসহকারে লক্ষ্য করবে। একজন প্র্যাকটিশনার যা অনুমোদন করেছে কোর্ট যদি তাতে একমত না হয় তবে তার কারণ ব্যাখ্যা করবে।

আমার মতামতের কি মূল্য থাকবে?

আমরা আমাদের সমস্ত পরিষেবা ও কাজকর্ম সম্পর্কে প্রতিক্রিয়াকে স্বাগত জানাই কারণ তা আমাদের পরিষেবা- গঠন ও উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শিশু, ও তরুন ব্যক্তি, পিতামাতা, আত্মীয়স্বজন, কোর্ট ও অন্যান্য এজেন্সী - যারাই আমাদের পরিষেবা ব্যবহার করে তাদের প্রত্যেকের কাছ থেকে আমরা শুনতে চাইব।

এই প্রতিক্রিয়া হতে পারে:

- আমাদের নীতি (পলিসি) অথবা কাজের ধরণ অথবা আমাদের পরিষেবার অন্য যে কোন দিক সম্পর্কে একটি **মন্তব্য**
- আমাদের কাজ সম্পর্কে অথবা একজন পৃথক 'ক্যাফকাস' প্র্যাকটিশনার সম্পর্কে একটি **প্রশংসাবাদ**।
- আমাদের সঙ্গে আপনার কাজের যে কোন দিক সম্পর্কে একটি **অভিযোগ**

আমাদের পরিষেবা সম্পর্কে সমস্ত মন্তব্য,প্রশংসাবাদ এবং অভিযোগ আমরা রেকর্ড করব, তদারকি করব ,পর্যালোচনা করব এবং ফলাফল আমাদের বার্ষিক রিপোর্টে প্রকাশিত হবে।

মন্তব্য ও প্রশংসাবাদের প্রতিক্রিয়া আমি কিভাবে জানাব?

যে কোন মন্তব্য বা প্রশংসাবাদ (লিখিতভাবেই জানা হয়) সংশ্লিষ্ট প্র্যাকটিশনারকে দিয়ে দিন অথবা এই লিফলেটের পেছনে দেওয়া ঠিকানায় স্থানীয় 'ক্যাসকাস' ম্যানেজারের কাছে সেগুলো পাঠিয়ে দিন। আপনার মন্তব্য বা মতামত yourviews@cafcass.gov.uk. তে ইমেইলের মাধ্যমে আমাদের জাতীয় অফিসেও পাঠিয়ে দিতে পারেন।

আপনার কেইসের শেষে আপনার কেইসের সঙ্গে যুক্ত প্র্যাকটিশনার অথবা তাদের ম্যানেজারের সঙ্গে একটি ফিডব্যাক মিটিং করার জন্য আপনি অনুরোধ করতে পারেন।

‘ক্যাফকাস’ যে পরিষেবা প্রদান করে তাতে যদি আমি খুশী না হই তবে কি হবে?

আমাদের লক্ষ্য সমস্ত পারিবারিক কার্যবিবরণীতে একটি উচ্চ গুণমানের পরিষেবা প্রদান করা এবং শিশুদের তাদের জীবনের সঙ্কটময় মুহূর্তে বক্তব্য প্রকাশের অধিকার দেওয়া। আমরা এইসব উদ্দেশ্য থেকে বিচ্যুত হয়েছি বলে কখন পরিষেবা ব্যবহারকারীরা বিশ্বাস করেন তা জানা আমাদের পক্ষে গুরুত্বপূর্ণ।

আমাদের একটি অভিযোগের পদ্ধতি আছে যা অভিযোগগুলো যাতে যথাসম্ভব দ্রুত, নিরপেক্ষভাবে ও কার্যকরভাবে মোকাবিলা করা হয় তা সুনির্দিষ্ট করতে গঠিত হয়েছে। অভিযোগের পদ্ধতির একটি সূচনা নীচে দেওয়া হল। সম্পূর্ণ পদ্ধতিটি পরিষেবা ব্যবহারকারীদের[3] জন্য একটি পুস্তিকায় দেওয়া আছে, যা আপনার স্থানীয় ‘ক্যাফকাস’ অফিসে পাওয়া যায় অথবা www.cafcass.gov.uk. তে ইনফরমেশান সেকশানে সহজে পাওয়া যাবে।

আমি যদি একটি অভিযোগ করতে চাই তবে কি হবে?

প্রথমত: আপনি পরিষেবার কোন দিক নিয়ে অখুশী কিনা তা সবসময় সংশ্লিষ্ট প্র্যাকটিশনারকে কে জানানো উচিত। বিষয়গুলো মেটানোর একটি সুযোগ থাকতে পারে। বিকল্প হিসেবে আপনার কেসের শেষে আপনি একটি ফিডব্যাক মিটিং (প্রতিক্রিয়া জানানোর আলোচনা সভা) অনুরোধ করতে পারেন।

যদি আপনি তা করতে না চান এবং তার বদলে এগিয়ে যেতে চান এবং একটি অভিযোগ করতে চান, তবে যত তাড়াতাড়ি সম্ভব স্থানীয় ‘ক্যাফকাস’ ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করুন, একটি অভিযোগ জানানোর জন্য নীচে দেওয়া সময়সারণীর (টাইমস্কেলের) কথা মনে রাখবেন।

যদি আপনি রিপোর্টের বিষয়বস্তুর সঙ্গে একমত না হন তবে এটি কোর্টের শুনানীর সময় উত্থাপন করাই সবচেয়ে ভাল হবে।

আমাদের কাছে অভিযোগ জানিয়ে কোর্টের সিদ্ধান্তের ফলাফল পাল্টানো সম্ভব নয়। কোর্টের দ্বারা নেওয়া সিদ্ধান্তের সঙ্গে যদি আপনি একমত না হন তবে আপনার কোর্টের সিদ্ধান্তের বিরুদ্ধে একটি সম্ভাব্য আপীল সম্পর্কে আইনী পরামর্শ নেওয়া প্রয়োজন।

---

[3] Your Views Count – How to make a comment, compliment or complaint about our work

এটি খুবই গুরুত্বপূর্ণ যে কিছু সময়সীমা আছে যার মধ্যে আমরা অভিযোগ গ্রহণ করি। প্রাপ্ত বয়স্কদের জন্য ঘটনা ঘটার তিন মাসের মধ্যে। এই সময় সীমা সমূহের বিশদ বিবরণের জন্য 'ইউর ভিজিট কাউন্ট' ('*Your Views Count*') পুস্তিকাটি দেখুন।

আপনি আমাদের দ্বারা আপনার অভিযোগের প্রাপ্তিস্বীকার পাঁচটি কাজের দিনের মধ্যে আশা করতে পারেন।

শিশুদের দ্বারা যে কোন বিষয়ের ওপর অভিযোগ নেওয়া যেতে পারে। যে শিশু একটি অভিযোগ করতে চায় তাকে সম্পূর্ণ পদ্ধতিটি জুড়ে একজন নিরপেক্ষ উকিলের সহযোগিতা দেওয়া হবে।

শিশু নিরাপত্তা

শিশুরা কোন গুরুত্বপূর্ণ ক্ষতির ঝুঁকির মধ্যে আছে কিনা তা খুঁজে বের করতে আমরা অন্যান্য এজেন্সীদের দিয়ে পরীক্ষা করাই। যেখানে শিশুরা গৃহগত হিংসাত্মক কাজের শিকার হয় তাও এর অন্তর্ভুক্ত রয়েছে। পুলিশ, সোস্যাল সার্ভিস এবং চাইল্ড প্রোটেকশান রেজিস্টারকে নিয়ে নিয়মমাফিক পরীক্ষা করা হয়। অতিরিক্ত এজেন্সীদের (উদাহরণস্বরূপ জি পি, স্কুল) দিয়ে অধিক পরীক্ষার দরকার আছে কিনা তা আমরা আপনাদের জানাব। কোর্টের জন্য একটি রিপোর্ট তৈরীতে তথ্য ব্যবহার করা হবে এবং সোস্যাল সার্ভিসকে ও দেওয়া হতে পারে।

যে সব ব্যবস্থা শিশুদের বা তরুণ-তরুণীদের এবং তাদের কেয়ারারদের নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলে সেগুলোকে আমরা সমর্থন করবো না।

বৈচিত্র

আমাদের উদ্দেশ্য শিশুদের ব্যক্তিগত চাহিদাগুলোর জন্য লড়াই করা এবং তারা যে বিভিন্ন কমিউনিটির মধ্যে বড় হয় সেগুলোকে মূল্য দেওয়া। শিশুদের ও তাদের পরিবারদের প্রতি আমাদের পরিষেবার মানের নিরবচ্ছিন্নভাবে উন্নয়ন ঘটাতে আমরা আমাদের পরিষেবা ব্যবহারকারীদের বৈচিত্র সম্পর্কিত তথ্য যেমন জাতিগত উৎপত্তি, ভাষা ও বিশেষ চাহিদা - রেকর্ড করি ও তদারকি করি। এই তথ্য আমাদেরকে 'রেইস রিলেশানস্ এমেন্ডমেন্ট এ্যাক্ট 2000', 'ডিসএবিলিটি ডিসক্রিমিন্যাশান এ্যাক্ট 1995' এবং 'ওয়েলস্ ল্যাঙ্গুয়েজ এ্যাক্ট 1993' এর চাহিদামত জাতিগত সাম্য ও পরিষেবার প্রতি অধিগম্যতা বাড়াতে সাহায্য করে।

যেভাবে আমরা তথ্য সংগ্রহ করি, গঠন করি ও সহজলভ্য করি তা আইন দ্বারা পরিচালিত হয়। এই পয়েন্টগুলো আপনার কাছে গুরুত্বপূর্ণ হতে পারে।

- আমাদের কাজের প্রকৃতি অনুযায়ী আমাদের পরিষেবা ব্যবহারকারীদের সম্পর্কিত ব্যক্তিগত তথ্য গঠন করার প্রয়োজন হয় । এই সমস্ত কাজকর্ম 'ডাটা প্রোটেকশান এ্যাক্ট 1998' অনুযায়ী গ্রহণ করা হয় । 'ডাটা প্রোটেকশান রেজিষ্টারে' আমাদের অনুপ্রবেশ www.cafcass.gov.uk. তেপাওয়া যেতে পারে।

- ডাটা প্রোটেকশান এ্যাক্ট এর অধীনে আমরা আপনার ওপর যে সব তথ্য রাখি তার কপি চাওয়ার অধিকার আপনার রয়েছে।

- আমরা 'ফ্রিডম অফ ইনফেমেশান এ্যাক্ট 2000' অনুযায়ী পরিষেবা সম্পর্কে তথ্য দিতে দায়বদ্ধ।

ডাটা প্রোটেকশান এ্যাক্ট অথবা ফ্রিডম অব ইনফরমেশ্যান এ্যাক্ট অনুযায়ী আমরা কিভাবে কাজ করি সে সম্পর্কে আরও বিস্তৃত বিবরণের জন্য দয়া করে www.cafcass.gov.uk. তে আমাদের ওয়েবসাইটের 'ইনফরমেশ্যান' সেকশানে ভিজিট করুন অথবা আপনার স্থানীয় 'ক্যাফকাস' অফিসে যোগাযোগ করুন।

আমাদের ওয়েবসাইটে আমাদের পুরো সার্ভিস সম্বন্ধে অধিক তথ্য রয়েছে।

V3-05